২০৩

দৈনিক ইনকিলাব

তারিখ 08 SEP ১৯৯৮
পৃষ্ঠা ২ কলাম ৭

শাহজালাল ভার্সিটি

## ৩য় ও ৪র্থ বর্ষের পরীক্ষা স্থগিত ঘোষণা

সিলেট অফিস ঃ শাহজালাল বিশ্ববিদ্যালয়ের ৩য় ও ৪র্থ বর্ষের পরীক্ষা স্থগিত ঘোষণা করা হয়েছে। গত রবিবার রাত ১১টায় একাডেমিক কাউন্সিলের এক সভায় এই সিদ্ধান্ত নেয়া হয়। এদিকে ছাত্ররা কেবল পরীক্ষা নয়, সকল ক্লাস বন্ধ রাখার দাবী জানায়। গতকাল সোমবার এই দাবীর সমর্থনে ক্যাম্পাসে মিছির বের করা হয়। ছাত্র ঐক্য নেতৃবৃন্দ আগামী ১৫ সেপ্টেম্বর পর্যন্ত পরীক্ষা ও ক্লাস স্থগিত রাখার দাবীতে ছাত্র ধর্মঘট অব্যাহত রাখার অঙ্গীকার ব্যক্ত করে।